ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ

২০১৯ শিক্ষাবর্ষে বাংলা ও ইংরেজি মাধ্যমে ১ম শ্রেণিতে ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

(ওয়েবসাইট ঃ www.vnsc.edu.bd)

১। ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজে ২০১৯ সালে প্রথম শ্রেণিতে সকল শাখার বাংলা ও ইংরেজি মাধ্যমে (প্রভাতি ও দিবা শাখায়) ভর্তির জন্য আবেদন পত্র আহ্বান করা যাচ্ছে। (ইংরেজি মাধ্যম শুধুমাত্র মূল শাখায় অবস্থিত)

২। প্রথম শ্রেণিতে ভর্তির জন্য উন্মুক্ত লটারির মাধ্যমে সরকারী নীতিমালা মোতাবেক প্রার্থী নির্বাচন করা হবে।

৩। **অনলাইনে আবেদনের সময় ঃ** আগামী ১০ অক্টোবর ২০১৮ সকাল ১০:০০ টা থেকে ২৮ অক্টোবর ২০১৮ রাত ১১:৫৯ মিনিট পর্যন্ত ভর্তির আবেদন ফরম online এ পাওয়া যাবে। আবেদন পত্র ও ফরম পূরণের জন্য online address www.vnsc.edu.bd (আবেদন ফরম পূরণের নির্দেশিকা ও ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি উক্ত address এ পাওয়া যাবে।)

৪। আবেদনকারীর বয়স ঃ যাদের জন্ম ১ জানুয়ারী, ২০১২ থেকে ৩১ ডিসেম্বর, ২০১২ এর মধ্যে শুধুমাত্র তারাই আবেদন করতে পারবে।

৫। সকল প্রার্থীর জন্য জন্ম নিবন্ধনের সত্যায়িত কপি আবেদন ফরমের সাথে জমা দিতে হবে। আবেদনকারীর বয়স নির্ধারিত বয়সসীমার উর্ধ্বে বা নিম্নে প্রমাণিত হলে আবেদনপত্রটি বাতিল করা হবে। কেবল মাত্র নির্ভুল এবং সম্পূর্ণ পূরনকৃত ফরম গ্রহণযোগ্য হবে।

৬। একজন প্রার্থী বাংলা অথবা ইংরেজি মাধ্যমের যে কোন একটি শাখায় একটি শিফট (প্রভাতী/দিবা) এর জন্য আবেদন করতে পারবে। কোনক্রমেই একাধিক শাখা ও শিফটের জন্য আবেদন করতে পারবে না। একাধিক আবেদন করার অভিযোগ প্রমাণিত হলে তার সকল আবেদন বাতিল বলে গণ্য হবে।

৭। অভিভাবকবৃন্দকে নির্ধারিত তারিখ ও সময় অনুযায়ী online এ ফরম পূরণ করতে হবে। নির্ধারিত তারিখ ও সময়ের পরে কোন ক্রমেই আবেদন ফরম পূরণ করা যাবে না।

৮। প্রার্থীর সদ্য তোলা Passport size ছবি আবেদন পত্রের সাথে online এ upload করতে হবে। মোবাইল ব্যাংকিং 'রকেট' মাধ্যমে নির্ধারিত ফি রকেট **Biller ID: 1952** তে প্রদান করতে হবে। নির্ধারিত ফি এর কম বেশি প্রদান করলে প্রবেশ পত্র সংগ্রহ করা যাবে না।

৯। মুক্তিযোদ্ধা, বোন, সেবা অঞ্চল, প্রতিবন্ধি ও শিক্ষামন্ত্রণালয় কোটার জন্য আলাদা option থাকবে। উক্ত বিভিন্ন কোটার জন্য সত্যায়িত প্রমাণপত্র নির্ধারিত দিনে ফরমের সাথে জমা দিতে হবে। একজন প্রার্থী কেবলমাত্র ১টি কোটা select করতে পারবে। আবেদন পত্র জমা দেওয়ার সময় আবেদনপত্রে উল্লেখিত Selected কোটার নির্ধারিত কাউন্টারে আবেদন পত্রটি জমা দিতে হবে। **বিভিন্ন কোটার জন্য প্রয়োজনীয় কাগজপত্র ঃ**

- বোনের কোটা (SQ)ঃ এই কোটার জন্য প্রার্থীর সহোদর বোন এই স্কুলের যে শাখায় যে শিফটে অধ্যয়নরত প্রার্থীকে সেই শাখা সেই শিফটেই আবেদন করতে হবে। ইংরেজী মাধ্যমের ক্ষেত্রে সহোদর বোন মূল প্রভাতী শাখায় অধ্যয়নরত হলে ইংরেজী মাধ্যম প্রভাতী শাখায় এবং বোন মূল দিবা শাখায় অধ্যয়নরত হলে ইংরেজী মাধ্যম দিবা শাখায় আবেদন করতে পারবে। সহোদর বোনের নাম, শ্রেণি, সেকশন, ক্রমিক নম্বর, শিফ্ট ও ID নম্বর উল্লেখ করতে হবে। তবে বোন কলেজের ছাত্রী হলে প্রার্থী বোনের কোটায় যে কোন একটি শাখার জন্য আবেদন করতে পারবে। সেক্ষেত্রে কলেজের প্রত্যয়নপত্র ফরমের সাথে জমা দিতে হবে।
- মুক্তিযোদ্ধা কোটা(FQ)ঃ এই কোটার এর জন্য প্রার্থীকে মুক্তিযোদ্ধা মন্ত্রণালয় থেকে প্রাপ্ত মূল সনদের সত্যায়িত কপি জমা দিতে হবে। মুক্তিযোদ্ধা দাদা হলে বাবার National ID এর ফটোকপি এবং মুক্তিযোদ্ধা নানা হলে মায়ের এস.এস.সি সার্টিফিকেটের সত্যায়িত কপি জমা দিতে হবে। মা এস.এস.সি পাশ না হলে মায়ের বিবাহের কাবিন নামার সত্যায়িত কপি জমা দিতে হবে।
- ক্যাচমেন্ট এরিয়া (সেবা অঞ্চল) কোটা (CAQ) ঃ এই কোটার এর জন্য প্রার্থীকে নিজ বাড়ির ক্ষেত্রে Electric Bill, ভাড়াটিয়ার ক্ষেত্রে Electric Bill ও বাড়ি ভাড়ার চুক্তিপত্র, সরকারী কর্মকর্তা ও কর্মচারীর ক্ষেত্রে Electric Bill ও Allotment Letter এর সত্যায়িত কপি জমা দিতে হবে এবং আবেদন পত্র জমা দেয়ার সময় মূল কপি প্রদর্শন করতে হবে।
- প্রতিবন্ধি কোটা (AQ)ঃ এই কোটার জন্য প্রতিবন্ধিতার প্রমাণস্বরূপ যথাযথ কর্তৃপক্ষের প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।
- শিক্ষামন্ত্রণালয় কোটা (EMQ) ঃ এই কোটার জন্য শিক্ষা মন্ত্রণালয়ের (শিক্ষাবোর্ড, মাউশি, এনসিটিবি, নায়েম) মাধ্যমিক অনুবিভাগ থেকে গৃহীত প্রত্যয়ন পত্রের সত্যায়িত কপি ফরম এর সাথে জমা দিতে হবে ।

১০। অনলাইনে আবেদনের ক্ষেত্রে প্রার্থীর নিবন্ধনকৃত পূর্ণ নাম এবং সনদপত্র অনুযায়ী পিতা-মাতার পূর্ণ নাম উল্লেখ করতে হবে। ভর্তিকৃত ছাত্রী বা তার পিতা মাতার নাম/নামের কোন অংশ পরবর্তী সময়ে কোন ক্রমেই পরিবর্তন করা যাবে না। উল্লেখ্য, এ বিষয়ে আবেদন করলে তাৎক্ষণিকভাবে তার ভর্তি বাতিল করা হবেএবং আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১১। যে কোন অসম্পূর্ণ ফরম বাতিল হিসেবে গণ্য হবে।

১২। প্রার্থীর আবেদন ফরমের সাথে সংযুক্ত প্রয়োজনীয় কাগজপত্র জমা দেয়া সাপেক্ষে প্রবেশপত্র যাচাই পূর্বক লটারির জন্য নির্বাচিত করা হবে। এক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত।

১৩। ভর্তির আবেদন পত্রের মূল্য ঃ অনলাইনে আবেদন পত্রের মূল্য ২০০/= টাকা (অনলাইন সার্ভিস চার্জ ৫/=) সর্বমোট ২০৫/= টাকা 'রকেটের' মাধ্যমে প্রদান করতে হবে। (উল্লেখ্য কোন অতিরিক্ত চার্জ প্রদান করতে হবে না)

১৪। ভর্তির জন্য নির্বাচিত প্রার্থী কোন ক্রমেই ব্রাঞ্চ বা শিফ্ট পরিবর্তন করতে পারবে না।

১৫। ফরম জমা দেওয়ার তারিখ ও সময় এবং ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য পরবর্তীতে প্রতিষ্ঠানের ওয়েবসাইট www.vnsc.edu.bd ও নোটিশ বোর্ড এর মাধ্যমে পাওয়া যাবে।

১৬। লটারি অনুষ্ঠানের তারিখ সকল শাখার নোটিশ বোর্ড ও প্রতিষ্ঠানের ওয়েব সাইট এর মাধ্যমে পরবর্তীতে জানিয়ে দেয়া হবে।

১৭। এই স্কুলে ভর্তির জন্য এ প্রতিষ্ঠানের ভেতরে বা বাইরের কোন ব্যক্তির মাধ্যমে তদবির করে প্রতারণার শিকার না হওয়ার জন্য অভিভাবকদের পরামর্শ দেয়া হল।

১৮। প্রার্থী যে শাখার জন্য আবেদন করবে শুধুমাত্র সেই শাখায় আবেদনপত্র জমা দিতে হবে। অন্যথায় আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

১৯। আবেদনপত্র জমা দেওয়ার সময় প্রার্থীর জন্ম নিবন্ধন সার্টিফিকেটের সত্যায়িত ফটোকপি এবং পিতা-মাতার NID/Passport এর সত্যায়িত ফটোকপি অবশ্যই জমা দিতে হবে। নতুবা আবেদন ফরম বাতিল হিসেবে গণ্য হবে।

বিঃদ্রঃ প্রত্যেকটি আবেদন পত্রে অভিভাবকের স্বাক্ষর অপরিহার্য।

নাজনীন ফেরদৌস ৫/১০/১৮
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ
ঢাকা।